দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 05 JUL 1989
পৃষ্ঠা ... 2 কলাম 4

## নাট্যচর্চা সংস্কৃতির গুরুত্বপূর্ণ উপাদান —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, নাটক হচ্ছে সমাজ জীবনের প্রতিফলন এবং নাট্যচর্চা আমাদের সংস্কৃতির গুরুত্বপূর্ণউপাদান।

মন্ত্রী রোববার সন্ধ্যায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মচারী সমিতির বার্ষিক নাট্যানুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুর রশীদ চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিবরণী'র।

শিক্ষামন্ত্রী বলেন, বস্তুবাদী মানুষের স্বাভাবিক কর্মতৎপরতার মাঝে সাংস্কৃতিক কার্যকলাপ একঘেয়েমির অবসান ঘটায় এবং বিনোদনের মাধ্যমে চিত্তে আনন্দ আনে ও নতুন প্রাণশক্তি নিয়ে কাজ করে যাওয়ার অনুপ্রেরণা জোগায়।

মন্ত্রী সংস্কৃতি চর্চায় শিক্ষা বোর্ডের কর্মচারীদের এ উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও এ ধরনের তৎপরতা অব্যাহত রাখার জন্য তাদের প্রতি আহবানজানান।